তারিখ 05 MAR 2018
পৃষ্ঠা ১৬ কলাম ৪

সংবাদ

# ১০১০ কওমি আলেম সরকারি চাকরি পাচ্ছেন

নিজস্ব বার্তা পরিবেশক

ইসলামিক ফাউন্ডেশন বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসায় কওমি নেসাবের ১ হাজার ১০ শিক্ষক নিয়োগ দেয়া হচ্ছে। আজ সকাল ১০ কওমি শিক্ষকদের নিয়োগ দেয়া হবে। বাংলাদেশের ইতিহাসে এক সঙ্গে এতো কওমি আলেমের সরকারি চাকরিতে যোগদানের ঘটনা এটাই প্রথম। চাকরিতে যোগ দেয়ার পরে ওইদিনেই এই শিক্ষকদের নিয়ে বায়তুল মোকাররম জাতীয় মসজিদ মিলনায়তনে তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা শুরু হবে। কর্মশালার উদ্বোধন করবেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। গতকাল ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, বায়তুল মোকাররম জাতীয় মসজিদ মিলনায়তনে বেলা আড়াইটায় ওই কর্মশালা শুরু হবে। এছাড়া অন্যদের চাকরি : পৃষ্ঠা : ২ ক : ২

## চাকরি : পাচ্ছেন

(১৬ পৃষ্ঠার পর)

মধ্যে উপস্থিত থাকবেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী, ধর্মসচিব মো. আনিছুর রহমান, আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক শেখ মোহাম্মদ আবদুল্লাহ, ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের গভর্নর মিছবাহুর রহমান চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল।